# NYC পাবলিক স্কুলগুলোতে কী কী ঘটছে

اعرض هذه الوثيقة باللغة العربية / এই নথি বা ডকুমেন্টটি বাংলায় দেখুন / 查看本文件的中文版 / Consultez ce document en français / Gade dokiman sa a an kreyòl ayisyen / 이 문서를 한국어로 보기 / Consulte este documento en español / Перевод документа на русский язык / یہ دستاویز اردو میں ملاحظہ کریں

schools.nyc.gov/messagesforfamilies

## সেপ্টেম্বর 13–17, 2021-এর সপ্তাহ

আমরা শিক্ষার্থীদের—এই সপ্তাহে—সশরীরে শিক্ষায় ফিরে আসায় স্বাগত জানাতে পেরে অত্যন্ত আনন্দিত হয়েছি! পুরো শহরজুড়ে শিক্ষার্থী, শিক্ষক, স্কুল কর্মী, এবং পরিবারেরা স্কুলে সম্পৃক্ত হয়ে হোমকামিংয়ে একটি আনন্দঘন পরিবেশ সৃষ্টি করে। আমাদের শিক্ষার্থীদের নিরাপদ, সুস্থ, সহায়ক ক্লাসরুমে যেখানে তারা সামাজিক, আবেগজনিত, ও শিক্ষায়তনিকভাবে বেড়ে উঠবে, সেখানে তাদের আবারও পরিষেবা দিতে পেরে আমরা গর্বিত। ঐতিহাসিক 2021-22 শিক্ষা বছরের সর্বসাম্প্রতিক তথ্য পেতে অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইট : schools.nyc.gov/homecoming দেখুন

## বিষয়সূচি:


- গুরুত্বপূর্ণ ফর্মসমূহ
- কোভিড-19 (COVID-19) টিকাদান বা ভ্যাকসিনেশন এবং টেস্টিং
- কোভিড-19 (COVID-19) কোয়ারেন্টাইনের নিয়ম-নীতি এবং দূর থেকে বা রিমোট শিক্ষা-নির্দেশনা
- সহায়তা নিন


## গুরুত্বপূর্ণ ফর্মসমূহ

### স্বাস্থ্য যাচাইকরণে (হেলথ্ স্ক্রিনিং) টুল

প্রতিদিন স্কুলে প্রবেশের পূর্বে, প্রত্যেক শিক্ষার্থী ও স্টাফকে স্বাস্থ্য যাচাইকরণ (হেলথ্ স্ক্রিনিং) ফর্মটি পূরণ করে অবশ্যই নিশ্চিত করতে হবে যে তার কোনো কোভিড-19 (COVID-19) উপসর্গ নেই, পরীক্ষা বা টেস্টে সম্প্রতি পজিটিভ আসেনি, এবং কোনো সংক্রমিত ব্যক্তির কাছাকাছি আসার কারণে বর্তমানে কোয়ারেন্টাইন করা আবশ্যক নয়।

আপনার সন্তানকে প্রতিদিন স্কুলে প্রেরণ করার পূর্বে আপনি যেন দ্রুত ও সহজে ফর্মটি পূরণ করতে পারেন, সেজন্য আপনার ডিভাইসে healthscreening.schools.nyc -সাইটটি বুকমার্ক করতে আমরা সুপারিশ করছি।

### আপনার সন্তানের জন্য একটি হালনাগাদকৃত পরীক্ষা বা টেস্টিংয়ে সম্মতির ফর্ম জমা দিন

আপনার সন্তানকে স্কুলের অভ্যন্তরে কোভিড (COVID) পরীক্ষণ বা টেস্টিং কর্মসূচিতে অংশগ্রহণ করতে, আপনার স্কুলে **একটি হালনাগাদকৃত পরীক্ষা বা টেস্টিংয়ে সম্মতির ফর্ম অবশ্যই জমা দিতে হবে।**

- আপনি আপনার NYC স্কুলস্ অ্যাকাউন্ট (NYCSA): schoolsaccount.nyc ব্যবহার করে ফর্মটি পূরণ করতে পারেন।
- ফর্মটি অনলাইনে schools.nyc.gov/covidtesting সাইট থেকে ডাউনলোড করতে পারেন।

### নিউ ইয়র্ক সিটি স্কুলস্ অ্যাকাউন্টের মাধ্যমে সংযুক্ত থাকুন

স্কুল ছুটি, হালনাগাদকৃত নিয়ম-নীতি, এবং আপনার ডিস্ট্রিক্ট ও সিটিব্যাপী অনুষ্ঠিতব্য কার্যক্রম সহ, DOE থেকে সর্বসাম্প্রতিক গুরুত্বপূর্ণ বিজ্ঞপ্তিগুলো সম্পর্কে অবগত থাকুন! নব্য **NYC স্কুলস্ অ্যাকাউন্ট (NYCSA) পোর্টালের** মাধ্যমে আপনার শিক্ষার্থীর শিক্ষা এবং আরো অনেক কিছুর সাথে সম্পৃক্ত থাকার নতুন একটি পন্থা সৃষ্টি হয়েছে। সাইন ইন করার মাধ্যমে আপনি উল্লিখিতগুলোর সুযোগ পাবেন:

- আপনার শিক্ষার্থীর গ্রেড, পরীক্ষার ফলাফল, এবং আরো অনেক কিছু লক্ষ্য রাখা
- প্যারেন্ট ইউনিভার্সিটির ক্লাসসমূহে অংশগ্রহণ করা
- আপনার সন্তানের জন্য ফর্মসমূহ পাওয়া
- আপনার সন্তানের DOE অ্যাকাউন্ট পাসওয়ার্ড রিসেট করা

schools.nyc.gov/nycsa -সাইটে আরো জানুন

## কোভিড-19 (COVID-19) টিকাদান বা ভ্যাকসিনেশন এবং টেস্টিং

### টিকা গ্রহণ (ভ্যাকসিনেশন)

কোভিড-19 (COVID-19) থেকে আপনাকে ও আপনার পরিবারকে সুরক্ষিত রাখতে টিকাদান বা ভ্যাকসিনেশন হচ্ছে সবচেয়ে গুরুত্বপূর্ণ পদক্ষেপ, এবং 12 এবং অধিক বয়সী সকল নিউ ইয়র্কবাসী এই কোভিড-19 (COVID-19) টিকা বা ভ্যাকসিন গ্রহণের যোগ্য। যদি আপনার ন্যূনতম 12 বছর বয়সী কোনো সন্তান থেকে থাকে যে টিকা বা ভ্যাকসিন গ্রহণ করেনি, তাহলে ডিপার্টমেন্ট অভ হেলথ্ অ্যান্ড মেন্টাল হাইজিন (DOHMH) এবং DOE আপনাকে vaccinefinder.nyc.gov -সাইটে যত শীঘ্রই সম্ভব তার জন্য একটি টিকা বা ভ্যাকসিনের অ্যাপয়েন্টমেন্ট করতে জোর উৎসাহিত করছে। DOE-এর টিকাদান বা ভ্যাকসিনেশন সংক্রান্ত সর্বসাম্প্রতিক তথ্যের জন্য, schools.nyc.gov/covid19 ভিজিট করুন।

12 এবং এরচেয়ে বেশি বয়সী শিক্ষার্থীরা, যারা উচ্চ-ঝুঁকিপূর্ণ পাঠ্যক্রম বহির্ভূত স্পোর্টস্ এবং কর্মকাণ্ডে অংশগ্রহণ করবে, তাদের 2021-22 শিক্ষা বছর সেসব কার্যক্রমে অংশগ্রহণ করতে হলে টিকা গ্রহণ (ভ্যাকসিনেশন) বাধ্যতামূলক। আরও তথ্যের জন্য আমাদের ওয়েবসাইট: schools.nyc.gov/2021health দেখুন

**স্কুল দর্শনার্থীদের জন্য নিয়ম-নীতির স্মারক:** কোনও স্কুল ভবনে প্রবেশ করতে হলে, 12 এবং এরচেয়ে বেশি বয়সী সকল দর্শনার্থীদের কোভিড-19 (COVID-19)-এর অন্তত এক ডোজ টিকা গ্রহণের (ভ্যাকসিনেশন) প্রমাণ দেখাতে হবে। কোনও DOE ভবনের দর্শনার্থীদের মাঝে ঐ স্কুলে অংশগ্রহণকারী শিক্ষার্থীরা অন্তর্ভুক্ত নয়।

### ডিপার্টমেন্ট অভ এডুকেশন (DOE)-এর টিকাদান বা ভ্যাকসিনেশন পোর্টাল

আপনার সন্তানের DOE অ্যাকাউন্টের তথ্য ব্যবহার করে, আপনি আপনার সন্তানের টিকাদান বা ভ্যাকসিনেশন কার্ড কিংবা NYC এক্সেলসিয়র পাস্ (Excelsior Pass)-এর ছবি vaccine.schools.nyc সাইটে অবস্থিত DOE-এর ভ্যাকসিন পোর্টালে আপলোড করতে পারেন। এই তথ্য জমাদান, নিউ ইয়র্ক সিটির বিশ্বব্যাপী মহামারী মোকাবেলা এবং নিরাময় প্রচেষ্টায় সহায়তা করবে, যা স্কুল কমিউনিটিকে সুস্থ ও নিরাপদ রাখা নিশ্চিত রাখতে সহায়তা করবে।

### স্কুলসমূহে কোভিড-19 (COVID-19) পরীক্ষণ বা টেস্টিং

পূর্ববর্তী শিক্ষা বছরে নেয়া নিরাপত্তামূলক পদক্ষেপসমূহ অব্যাহত রেখে, আমরা টিকা-বিহীন (আনভ্যাকসিনেটেড) প্রথম (1) থেকে দ্বাদশ (12) গ্রেডের শিক্ষার্থীদের নিয়মিত কোভিড (COVID) পরীক্ষা বা টেস্টিং করবো। এই পন্থার মাধ্যমে, যদি কোনও পজিটিভ কেইস পাওয়া যায় তবে স্কুল কমিউনিটিকে সুরক্ষিত রাখতে তাৎক্ষণিকভাবে পদক্ষেপ গ্রহণ করা যাবে। আপনার সন্তানকে স্কুলের অভ্যন্তরে পরীক্ষণ বা টেস্টিং কর্মসূচিতে অংশগ্রহণ করতে, আপনার সন্তানের জন্য আপনার স্কুলে **একটি হালনাগাদকৃত পরীক্ষা বা টেস্টিংয়ে সম্মতির ফর্ম অবশ্যই জমা দিতে হবে।** আপনার NYCSA অ্যাকাউন্ট ব্যবহার করে ফর্মটি পূরণ করতে পারেন অথবা ফর্মটি অনলাইনে (schoolsaccount.nyc) schools.nyc.gov/covidtesting -সাইট থেকে ডাউনলোড করতে পারেন।

## কোভিড-19 (COVID-19) কোয়ারেন্টাইনের নিয়ম-নীতি এবং দূর থেকে বা রিমোট শিক্ষা-নির্দেশনা

### যদি আপনার সন্তানের স্কুলে কোনও কোভিড-19 (COVID-19)-এর পজিটিভ কেস পাওয়া যায়

আমরা জানি, শিক্ষার জন্য আমাদের স্কুল ও ক্লাসরুমগুলো খোলা রাখা কতটা গুরুত্বপূর্ণ, এবং আমাদের স্কুল কমিউনিটির স্বাস্থ্য ও সুরক্ষার প্রতি এবং আপনার সন্তানের শিক্ষায় ব্যাঘাত হ্রাস করতে আমরা অঙ্গীকারবদ্ধ। এমনও সময় আসবে, যখন কোভিড-19 (COVID-19)-এ উন্মুক্ত হবার ঝুঁকির কারণে আপনার সন্তানকে কোয়ারেন্টাইন করতে বলে হবে। যদি কোনও ক্লাসরুমে কোনও পজিটিভ কেস পাওয়া যায়:

- **এলিমেন্টারি স্কুলসমূহ:** যদি সকল শিক্ষার্থীদের কোয়ারেন্টাইন করতে নির্দেশ দেয়া হয়, তবে তারা কোয়ারেন্টাইন করার সময় দূর থেকে বা রিমোট শিক্ষা-নির্দেশনা গ্রহণ করবে *(এবিষয়ে আরও তথ্য "দূর থেকে বা রিমোট শিক্ষা-নির্দেশনা" সেকশনে দেখুন)।*

- **মিডল্ এবং হাই স্কুলসমূহ:** যেসব শিক্ষার্থী অন্তত্ত 12 **বছর বয়সী, টিকাপ্রাপ্ত (ভ্যাকসিনেটেড), এবং কোনও উপসর্গ প্রকাশ করছে না** তারা স্কুলে সশরীরে অব্যাহতভাবে অংশগ্রহণ করবে।
  - এসব শিক্ষার্থীদের সংক্রামিত কারো কাছাকাছি আসার তিনটি থেকে পাঁচ দিনের মধ্যে একটি কোভিড-19 (COVID-19) পরীক্ষা করাতে উৎসাহিত করা হচ্ছে।
  - **উপসর্গ প্রদর্শনকারীদের** 10 ক্যালেন্ডার দিবসের জন্য কোয়ারেন্টাইন করতে বলা হবে। কোয়ারেন্টাইন চলাকালে এসব শিক্ষার্থীর দূর থেকে শিক্ষা (রিমোট লার্নিং) লাভের সুবিধা থাকবে।
  - **টিকা দেয়নি (আনভ্যাকসিনেটেড)** যেসব শিক্ষার্থী, তাদের 10 ক্যালেন্ডার দিবসের জন্য কোয়ারেন্টাইন করতে নির্দেশ দেয়া হবে এবং তারা দূর থেকে বা রিমোটভাবে শিক্ষা গ্রহণ করবে। কোয়ারেন্টাইনের পঞ্চম (5) দিবসে, শিক্ষার্থীরা কোভিড-19 (COVID-19) পরীক্ষা করাতে পারে, এবং যদি ফলাফল নেগেটিভ আসে, তবে 7 দিন পর সশরীরে শিক্ষার জন্য আবার স্কুলে ফিরে আসতে পারবে।

স্কুল শুধুমাত্র তখন বন্ধ থাকবে যখন DOHMH সিদ্ধান্ত নেবে যে স্কুলে ব্যাপকভাবে সংক্রমণ ছড়িয়ে পড়েছে। স্বাস্থ্য ও সুরক্ষার পদক্ষেপসমূহ গ্রহণের ফলে, স্কুল বন্ধ সীমিত হবে বলে আমরা প্রত্যাশা করছি।

### দূর থেকে বা রিমোটভাবে শিক্ষা গ্রহণ

জরুরী পরিস্থিতিতে স্কুল কিংবা ক্লাসরুম বন্ধ হলে, তা স্বাস্থ্য কিংবা আবহাওয়া যে কারণেই হোক না কেন (উদাহরণস্বরূপ, COVID-19 -এর পজিটিভ কেস পাওয়া গেছে, অথবা স্নো ডে), একটি নির্ধারিত সময়ের জন্য ক্লাসসমূহ দূর থেকে বা রিমোটভাবে শিক্ষা গ্রহণে স্থানান্তরিত হবে।

- যখন একটি পুরো ক্লাসরুম কিংবা স্কুল বন্ধ হবে, তখন শিক্ষকগণ দূর থেকে এবং সরাসরি সম্প্রচারকৃত তথা রিয়েল-টাইমে (সিংক্রোনাস বা যুগপৎ শিক্ষা-নির্দেশনা) শিক্ষাদান করবেন।

- কিছু ক্ষেত্রে, ক্লাসরুম আংশিকভাবে বন্ধ থাকতে পারে, যেখানে শুধুমাত্র একটি ক্লাসরুমের কিছু শিক্ষার্থীকে কোয়ারেন্টাইন করতে বলা হবে এবং অন্যরা স্কুলে সশরীরে অংশগ্রহণ করা অব্যাহত রাখবে।
  - **যেসব শিক্ষার্থী সশরীরে স্কুলে অংশগ্রহণ করতে সক্ষম** তারা নিয়মিতভাবে, সশরীরে শিক্ষা নির্দেশনা গ্রহণ অব্যাহত রাখবে।
  - **যেসব শিক্ষার্থীর কোয়ারেন্টাইন করা বাধ্যতামূলক** তারা তাদের ডিজিটাল ক্লাসরুমগুলোতে শিক্ষা-নির্দেশনামূলক উপকরণসমূহ (অ্যাসিংক্রোনাস বা অযুগপৎ) পাবে।
  - **যেসব শিক্ষার্থীর কোয়ারেন্টাইন করা বাধ্যতামূলক** তারা অফিসের সুনির্দিষ্ট সময়ে শিক্ষকদের সাথে সরাসরি কথোপকথন করতেও সক্ষম হবে। শিক্ষার্থীদের অফিসের সময় উপস্থিত থাকা বাধ্যতামূলক নয় এবং যদি তারা উপস্থিত হতে সক্ষম না হয় তবে তাদের শিক্ষকের সাথে যোগাযোগ করতে পারে। ঐ অফিসের সময় চলাকালে, শিক্ষকগণ একক কিংবা ছোট দলে টিউটোরিয়াল অফার করতে পারেন, অ্যাসাইনমেন্ট সম্পর্কে খোঁজ-খবর নিতে পারেন, এবং শিক্ষার্থীদের প্রশ্নের উত্তর দিতে পারেন।

ইলেকশন ডে বা নির্বাচন দিবসে—**মঙ্গলবার, 2 নভেম্বর**—স্কুল ভবনগুলো বন্ধ থাকবে কিন্ত শিক্ষার্থীরা **দূর থেকে বা রিমোটভাবে অ্যাসিংক্রোনাস বা অযুগপৎ অ্যাসাইনমেন্ট পাবে।**

## সহায়তা নিন

### এনরোলমেন্ট

আপনার সন্তানের জন্য একটি এলিমেন্টারি অথবা মিডল্ স্কুল এখনও প্রয়োজন? আপনার জোনভুক্ত স্কুল schoolsearch.schools.nyc সাইটে সন্ধান করুন এবং তালিকাভুক্ত বা এনরোল করতে স্কুলের সাথে সরাসরি যোগাযোগ করুন। একটি জোনভুক্ত স্কুল নেই? আপনার সন্তানের নাম, জন্মতারিখ, গ্রেড, এবং বাড়ির ঠিকানা সহ ESEnrollment@schools.nyc.gov (K–5 গ্রেডের জন্য) কিংবা MSEnrollment@schools.nyc.gov (6–8 গ্রেডের জন্য) ঠিকানায় ইমেইল করুন।

যদি আপনি একটি 3-K অথবা প্রি-K অফার না পেয়ে থাকেন, তবে আপনার সন্তানকে MySchools.nyc-এ বিভিন্ন প্রোগ্রামের অপেক্ষা-তালিকা বা ওয়েটলিস্টে যোগ করুন; কতগুলো অপেক্ষা-তালিকায় আপনি যোগ দেবেন সেটায় কোনও সীমাবদ্ধতা নেই! যদি কোনো প্রোগ্রাম আপনার সন্তানকে একটি অফার প্রদান করে, তবে তারা আপনার সাথে সরাসরি যোগাযোগ করবে।

### ভাষাগত সহায়তা

আপনার সন্তানের স্কুল থেকে আপনার ভাষায় তথ্য পাওয়ার এবং যোগাযোগ করার অধিকার আপনার রয়েছে। যদি আপনার অথবা আপনার পরিচিত কারও সহায়তা প্রয়োজন হয়, তাহলে আপনার স্কুলের প্রিন্সিপ্যাল অথবা প্যারেন্ট কোঅর্ডিনেটরকে বলুন, DOE-তে (718) 935-2013 নম্বরে ফোন করুন অথবা Hello@schools.nyc.gov ঠিকানায় ইমেইল করুন। schools.nyc.gov/hello সাইটে আপনি ভাষাগত সহায়তা সংক্রান্ত পিতামাতার নির্দেশিকা (প্যারেন্ট গাইড টু ল্যাঙ্গুয়েজ অ্যাকসেস) সহ আরও তথ্য ও গুরুত্বপূর্ণ সংস্থান বা রিসোর্স পেতে পারেন।

### প্যারেন্ট কোঅর্ডিনেটর

আপনার সন্তানের স্কুলের **প্যারেন্ট কোঅর্ডিনেটর** আপনাকে স্কুলের প্রোগ্রাম এবং রিসোর্সসমূহ সম্পর্কে আরও জানতে, গুরুত্বপূর্ণ ফর্মসমূহ পূরণ করতে, এবং আপনার কোনও উদ্বেগ থাকলে প্রিন্সিপ্যালের কাছে তা উত্থাপন করতে সাহায্য করতে পারেন। আপনার সন্তানের স্কুল সম্পর্কে তথ্য "ফাইন্ড এ স্কুল টুল" (Find a School tool): schools.nyc.gov/find-a-school ব্যবহার করে পেতে পারেন। স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটরের যোগাযোগের তথ্য প্রতিটি স্কুলের পেইজে সাধারণ তথ্যের অধীনে দেয়া আছে।

### টেকনোলজি সহায়তা

বিগত বছরে, DOE 500,000-এর বেশি ডিজিটালভাবে শিক্ষার ডিভাইস বিতরণ করেছে এবং আরও আসছে। সন্তানের জন্য যে ডিভাইসটি সবচেয়ে ভাল হবে তা নিশ্চিত করতে পরিবারদের তাদের স্কুলের সাথে কাজ করা উচিত। কীভাবে মেরামত করতে হবে এবং DOE-তে কীভাবে সেগুলো ফেরত দিতে হবে তা সহ, ডিভাইস সংক্রান্ত তথ্যের জন্য, অনুগ্রহ করে DOE-এর ওয়েবসাইট: schools.nyc.gov/DOEdevices দেখুন।

জুম (Zoom), গুগল, এবং অন্যান্য শিক্ষণ প্ল্যাটফর্মসমূহ সহ DOE সিস্টেমগুলোতে লগইন করতে, প্রতিটি শিক্ষার্থীর OneAccount4All (সবকিছুর-জন্য-একটি-অ্যাকাউন্ট) অ্যাকাউন্ট রয়েছে (এটা DOE-এর অ্যাকাউন্ট): schools.nyc.gov/studentaccounts.

যেসব পরিবারের প্রযুক্তিগত বা টেকনিক্যাল সহায়তা প্রয়োজন, তারা nycenet.edu/technicalsupportforfamily সাইটে অনলাইন ফর্মটি পূরণ করতে পারেন অথবা হেল্প ডেস্কে **(718) 935-5100** নম্বরে ফোন করে অপশন 5 বেছে নিতে পারেন।